নম্বর 202.72

নির্বাহী আদেশ

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, অতএব, আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, সংবিধান এবং নিউ ইয়র্ক স্টেটের আইন দ্বারা আমার উপর অর্পিত কর্তৃত্ব ব্যবহার করে, এতদ্বারা পাচ্ছি যে একটি দুর্যোগ অব্যাহতভাবে বর্তমান যার প্রতি পর্যাপ্তভাবে প্রতিক্রিয়া ব্যক্ত করতে প্রভাবিত রাজ্যের এজেন্সিগুলি এবং স্থানীয় সরকারসমূহ অক্ষম। অতএব, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর 28 ধারার দ্বারা আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, আমি 07 মার্চ 2020 থেকে একটি রাজ্য জরুরিকালীন পরিস্থিতি ঘোষণা করছি যেমন নির্বাহী আদেশ 202 এ উল্লিখিত আছে। এই নির্বাহী আদেশ বলবত থাকবে 03 ডিসেম্বর 2020 পর্যন্ত।

উপরন্তু, আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B-এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যে কোনো সংস্থার যে কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বা বিলম্বিত করে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগীতা করার জন্য প্রয়োজন হয়, তাহলে সাময়িকভাবে সেগুলি স্থগিত বা সংশোধন করতে পারি, অতএব, আমি এতদ্বারা কার্যনির্বাহী আদেশ 202 এ উল্লিখিত স্থগিতাদেশ ও সংশোধনগুলি, যার অন্তর্ভুক্ত 202.21, এবং 202.27, 202.28, 202.29, 202.30, 202.31, 202.38, 202.39, 202.40, 202.41, 202.42, 202.43, 202.48, 202.49, 202.50, 202.51, 202.52, 202.55, 202.55.1, 202.56, 202.60, 202.61, 202.62, 202.63, এবং যা নির্বাহী দেশ 202.67 এবং 202.68 এ উল্লিখিত ও অব্যাহত রাখা হয়েছে, এবং কোন পরবর্তী নির্দেশ দ্বারা অতিক্রম করা হয়নি, সেগুলি অব্যাহত রাখছি আরো ত্রিশ দিন, 03 ডিসেম্বর 2020 পর্যন্ত, এইগুলি ব্যতিরেকে:

- যানবাহন ও ট্রাফিক আইনের (Vehicle and Traffic law) 301 ধারার সাবডিভিশন (a), সেই পরিসর পর্যন্ত প্রসারিত বা সংশোধন করা যাতে বার্ষীক নিরাপত্তা এবং দ্বিবার্ষিক নির্গমণের পরীক্ষা আর স্থগিত বা সংশোধিত থাকবে না, এবং এই শর্তে যে তার সাথে কোন জরিমানা সংযুক্ত থাকবে না 01 ডিসেম্বর 2020 পর্যন্ত সেই পরীক্ষা করাতে ব্যর্থ হলে;

- যানবাহন ও ট্রাফিক আইনের (Vehicle and Traffic law) 491 ধারার সাবডিভিশন 1, সেই পরিসর পর্যন্ত প্রসারিত বা সংশোধন করা যা একটি নন-ড্রাইভার আইডেন্টিফিকেশন কার্ডের মেয়াদ ও মেয়াদ উত্তীর্ণ হওয়ার শর্ত প্রদান করে,তা আর স্থগিত বা পরিবর্তন করা হবে না;

- ভেহিকেল ট্র্যাফিক আইনের 401, 410, 2222, 2251, 2251, এবং 2282 (4) সেই পরিসর অবধি পরিবর্তন করা যা একটি নির্দিষ্ট সময়সীমার জন্য একটি মোটর যান বা ট্রেলার, একটি মোটরসাইকেল, একটি স্নোমোবাইল, একটি জাহাজের একটি সীমিত ব্যবহারের যান এবং একটি আল-টেরাইন ভেহিকেলের জন্য একটি রেজিস্ট্রেশন সার্টিফিকেট বা নম্বর প্লেটের এবং নিবন্ধিকরণের সার্টিফিকেটের মেয়াদ উত্তির্ণ হওয়ার পরেও মেয়াদের বৈধতার সময়কাল প্রদান করে, তা আর স্থগিত বা সংশধিত থাকবে না এই শর্তে যে 1 ডিসেম্বর 2020 তারিখ পর্যন্ত কোন জরিমানা সেই নিবন্ধিকরণ প্রসারিত করতে ব্যর্থ হলে সংযুক্ত করা হবে না;

- ভেইকল ও ট্রাফিক আইনের সেকশন 420-a সেই পরিসর পর্যন্ত সংশোধন করা যাতে অটো ডিলারদের দ্বারা জারি করা সাময়িক নিবন্ধনের নথির মেয়াদ উত্তীর্ণ হওয়ার ব্যবস্থা প্রদান করে, তা আর স্থগিত বা পরিবর্তিত থাকবে না;

- নির্বাহী আদেশ 202.67 অনুযায়ী, নির্বাহী আদেশ 202.8 এ স্থগিত দেওয়ানি মামলাগুলি, যেমন পরবর্তী নির্বাহী আদেশে পরিবর্তিত এবং প্রসারিত, যা যে কোন আইনি পদক্ষেপশুরু করা, ফাইল করা, বা কোনো আইনি ক্রিয়া, বিজ্ঞপ্তি, মোশন, বা অন্যান্য প্রক্রিয়া বা প্রক্রিয়াকরণ যেমন রাজ্যের প্রক্রিয়াকরণ সংক্রান্ত আইন দ্বারা প্রস্তাবিত, যার মধ্যে আছে কিন্তু তাতেই সীমিত নয়, পারিবারিক আদালত আইন (family court act), সিভিল প্র্যাক্টিস আইন (civil practice law) এবং নিয়মাবলী, কোর্ট অফ ক্লেইমস আইন (court of claims act), সারোগেটের কোর্ট প্রসিডিওর আইন (surrogate's court procedure act), এবং ইউনিফর্ম কোর্ট আইন (uniform court acts), অথবা কোন বিধি, স্থানীয় আইন, নিয়ম, আদেশ, অধ্যাদেশ, অথবা শর্তাবলি, বা তার অংশ, তা এতোদ্বারা আর কার্যকর নয় 04 নভেম্বর 2020 তারিখ থেকে, এই শর্তে যে কোন ফৌজদারি প্রক্রিয়াকরণ আইনের স্থগিতাদেশ কার্যকর থাকবে এবং পারিবারিক আদালত আইনের সকল স্থগিতাদেশ কার্যকর থাকবে 18 নভেম্বর 2020 পর্যন্ত এবং তারপর অব্যাহতভাবে কার্যকর থাকবে সেই সব জুভেনাইল ডেলিঙ্কুয়েন্সির বিষয়ে যেখানে কোন তরুণকে আটক রাখা হবে না এবং সেই সকল শিশু-অবহেলা সংক্রান্ত প্রক্রিয়াকরণের জন্য যার সাথে পালিত পরিচর্যা জড়িত নয়।

- জনস্বাস্থ্য আইনের 579 ধারার সাবডিভিশন 1 সংশোধিত করে নির্বাহী আদেশ 202.61 যা অতিরিক্ত চিকিৎসাগত পরীক্ষাগারগুলির জন্য COVID-19 এবং ইনফ্লুয়েঞ্জার পরীক্ষার ফলাফল 3 ঘন্টার মধ্যে জানানো বাধ্যতামূলক করে, তেমন সংশোধন অব্যাহত রাখা হয়েছে এবং সংশোধন করা হয়েছে যাতে সেই সব পরীক্ষাগারগুলি বিভাগকে সেই সকল ফলাফল 24 ঘন্টার মধ্যে জানায়, এই শর্তে যে বিভাগ প্রয়োজন মনে করলে আরো ঘন ঘন রিপোর্ট করা চাইতে পারে;

উপরন্তু, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে শুরু করে 03 ডিসেম্বর 2020 পর্যন্ত নিম্নোক্তগুলি সাময়িকভাবে স্থগিত বা পরিবর্তন করছি:

- রিয়েল প্রপার্টি অ্যাকশন অ্যান্ড প্রসিডিংস আইনের (Real Property Actions and Proceedings Law) 732 ও 743 ধারা সেই পরিসর পর্যন্ত সংশোধন করা যা প্রয়োজন ভাড়া না দেওয়ার কারণে যে কোনো সংক্ষিপ্ত উচ্ছেদ প্রক্রিয়া, যা বকেয়া আছে এই নির্বাহী আদেশ জারি করার তারিখে, তার জন্য উত্তর দেওয়ার সময় হবে ষাট দিন।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর ন্যস্ত কতৃত্বের দ্বারা, আমি এতদ্বারা নিম্নলিখিত নির্দেশগুলি জারি করছি যা 03 ডিসেম্বর 2020 পর্যন্ত কার্যকর থাকবে:

- নির্বাহী দেশ 202.61 এ উল্লিখিত নির্দেশিকা, যা নির্দেশিকা বাস্তবায়ন সহ, ক্লিনিক্যাল ল্যাবরেটরি এবং লাইসেন্সপ্রাপ্ত পেশাদারদের ডিপার্টমেন্ট অফ হেল্থ ফিজিশিয়ান অফিস ল্যাবরেটরি মূল্যায়ন প্রোগ্রাম কর্তৃক অনুমোদিত COVID-19 বা ইনফ্লুয়েঞ্জার পরীক্ষা পরিচালনা করে সেই COVID-19 পরীক্ষার ফলাফল তিন ঘন্টার মধ্যে বিভাগকে জানানোর নির্দেশিকা, এতোদ্বারা পরিবর্তন করা হল যাতে চিকিতসাগত পরীক্ষাগারগুলি এবং সেই লিসেন্সকৃত পেশাদারদের বিভাগকে জানানোর আবশ্যকতা 24 ঘন্টার মধ্যে করা হল, এই শর্তে যে বিভাগ যদি মনে করে তাহলে আরো ঘন ঘন রিপোর্ট করা বাধ্যতামূলক করতে পারে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের
নিজস্ব সিলমোহর সহ দুই হাজার বিশ
সালের নভেম্বর মাসের তৃতীয় দিনে এটি
প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব